

## শিক্ষামন্ত্রীর সাবেক এপিএস এখন ঢাকা বোর্ডে

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের সাবেক সহকারী একান্ত সচিব (এপিএস) মশ্বখ রঞ্জন বাড়েকে ঢাকা বোর্ডে পদায়ন করা হয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয় এ-সংক্রান্ত আদেশ জারি করে। গত সোমবার মশ্বখ রঞ্জন বাড়েকে এপিএস পদ থেকে অব্যাহতি দেয় জনপ্রশাসন মন্ত্রণালয়। এর পরদিনই ঢাকা বোর্ডের উপ-কলেজ পরিদর্শক পদে সংক্রান্ত বিভাগের এই সহকারী পরিচালককে নিয়োগ দেওয়া হয়। তাঁর কলেজে ভর্তির জটিলতা বিষয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করা উপ-কলেজ পরিদর্শক অফিসে কুমার রায়কে উপপরীক্ষা নিয়ন্ত্রক পদে বদলি করা হয়। এ নিয়ে বিভিন্ন শিক্ষক সংগঠনের মাধ্যমে চরম ফোন্ড বিরাজ করছে।

জানা যায়, এপিএসের অব্যাহতির পর গতকাল আতঙ্কে ছিলেন তাঁর সিডিকেটের কর্মকর্তারা। তিনি গত ছয় বছরে নিজ পছন্দের লোকজনদের বিভিন্ন দপ্তরের গুরুত্বপূর্ণ পদে বসিয়েছেন। এপিএসের বদলির পর বিভিন্ন শিক্ষা বোর্ড, শিক্ষা ভবন, এনসিটিবি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ইইডি), পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ), নায়েম, সেসিপ ও টিকিউআইয়ের কর্মকর্তারাও রয়েছেন বদলি আতঙ্কে। শিক্ষাসচিব নজরুল ইসলাম খান বর্তমানে দেশের বাইরে আছেন। তিনি ফিরলেই অধিদপ্তরের বিভিন্ন পদে বদলি হতে পারে বলে মশ্বখ বাড়েকে সিডিকেটের কর্মকর্তাদের ধারণা।